তারিখ: 28 FEB 2016
পৃষ্ঠা: ২৮ কলাম: ৭

দৈনিক ইত্তেফাক

# ইবিতে চাকরি প্রত্যাশীদের আন্দোলন, গেটে তালা, বাস বন্ধ

■ ইবি সংবাদদাতা

চাকরির দাবিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) বহিরাগতরা আবারো আন্দোলনে নেমেছে। গতকাল শনিবার তারা সান্ধ্যকালীন শিক্ষার্থীদের ধাওয়া দিয়ে ক্লাস থেকে বের করে দেয়। বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দিয়ে বাস চলাচল বন্ধ করে দেয়। এতে শিক্ষক-শিক্ষার্থীরা চরম ভোগান্তির মধ্যে পড়ে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল শনিবার দুপুর ২টার সময় চাকরি প্রত্যাশী সাবেক ছাত্রলীগ নেতা তৌফিকুর রহমান হিটলার, শফিকুর রহমান, মিজানুর রহমান টিটু, মোহাম্মদ ইলিয়াছ জোয়ার্দার, রাসেল জোয়ার্দারের নেতৃত্বে ১৫/২০ জন বহিরাগত প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেয়। পরে প্রশাসন ভবনের সামনে অবস্থান নিয়ে চাকরির দাবিতে শ্লোগান দিতে থাকে। ভিসির সাথে চাকরি প্রত্যাশীদের সমঝোতা বৈঠক অনুষ্ঠিত হয়। এসময় প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান, প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমান উপস্থিত ছিলেন। বৈঠকে ভিসি শিক্ষা মন্ত্রণালয়ের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে চাকরির প্রতিশ্রুতি দেন। দুপুর ৩টার দিকে অনুষদ ভবন ও ব্যবসায় প্রশাসন অনুষদে চাকরি প্রত্যাশীদের একাংশ সান্ধ্যকালীন শিক্ষার্থীদের মারধর করে ক্লাস থেকে বের করে দেয়। আসবাবপত্র ভাঙ্গচুর করে। শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। বিশ্ববিদ্যালয়ে দুপুর ২টার বাস চলাচল করতে পারেনি। হাজার হাজার শিক্ষক-শিক্ষার্থী বিকল্প মাধ্যমে ক্যাম্পাস ত্যাগ করে।